



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-১২ মার্চ ২০১৭ খ্রি.

#### কাপাসগোলা বালিকা সরকারী প্রাথমিক বিদ্যালয় এর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সিটি মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, শিক্ষা ক্ষেত্রে বিনিয়োগ সর্বোৎকৃষ্ট বিনিয়োগ। অর্থনৈতিক অগ্রযাত্রা টেকসই করতে হলে শিক্ষা খাতে বিনিয়োগের বিকল্প নেই। কিন্তু শিক্ষার উৎপাদন সুদূর প্রসারী ও দীর্ঘমেয়াদী। জাতীয় জীবনে এর প্রভাব ও সুফল অবশ্যম্ভাবী। একটি জাতিকে সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষেত্রে উন্নয়নের উচ্চ শিখরে আরোহন করতে হলে সর্বাগ্রে প্রয়োজন শিক্ষার উপর গুরুত্বারোপ। জাতি গঠনের শ্রেষ্ঠ মাধ্যম হচ্ছে শিক্ষা। শিক্ষা এমন একটি পদ্ধতি যার মাধ্যমে জ্ঞান ও দক্ষতা অর্জন করা সম্ভব। একটি জাতিকে উন্নত করার পিছনে শিক্ষা ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন অপরিহার্য। বাংলাদেশ শিক্ষাক্ষেত্রে অনেক দূর এগিয়ে গেছে। বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল। বাংলাদেশ নিম্ন মধ্য আয়ের দেশে পরিনত হয়েছে। ২০২১ সনের মধ্যে মধ্যম আয়ের দেশে পরিনত হবে। সিটি মেয়র বলেন, বর্তমান সরকারের উন্নয়নের গুরুত্বপূর্ণ ধাপগুলো হলো:- বিনিয়োগ বিকাশ, পরিবেশ সুরক্ষা, ডিজিটাল বাংলাদেশ, নারীর ক্ষমতায়ন, আশ্রয়ন, শিক্ষা সহায়তা, একটি খামার একটি বাড়ী, কমিউনিটি ক্লিনিক ও শিশু বিকাশ, সামাজিক নিরাপত্তা কর্মসূচি এবং ঘরে ঘরে বিদ্যুৎ। মানব সম্পদ উন্নয়নে শিক্ষার ভূমিকা অপরিসিমা। মেয়র কাপাসগোলা স্কুল ও কলেজ ক্যাম্পাসে ছাত্রীদের জন্য একটি মিলনায়তন, স্কুল ক্যাম্পাসের বাইরে অভিভাবকদের জন্য বসার সুবিধার্থে ১টি ছাউনিযুক্ত বসার স্থান নির্মাণ করে দেয়ার আশ্বাস প্রদান করেন এবং স্কুল ও কলেজ ভবনের অসমাপ্ত সংস্কার কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন। গত ১১ মার্চ ২০১৬ খ্রি. শনিবার, সকালে কাপাসগোলা বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন। অনুষ্ঠানে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি লোকমান হাকিম মো. ইব্রাহিম এর সভাপতিত্বে ও আবুল খায়ের বাচ্চু ও হাসমত আরা বেগম এর যৌথ সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন কাউন্সিলর সাইয়েদ গোলাম হায়দার মিন্টু, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস আঞ্জুমান আরা বেগম, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ঋষিকেশ শীল, কাপাসগোলা সিটি কর্পোরেশন মহিলা কলেজের অধ্যক্ষ মনোয়ার জাহান, কাপাসগোলা বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুকুমার দেবনাথ, চকবাজার ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি হাজী আবদুর রহমান, অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর এড: নোমান চৌধুরী, অভিভাবক কমিটির সভাপতি আমিনুল হক রঞ্জু, ওয়ার্ড যুবলীগ সভাপতি একরাম হোসেন, শামীম আরা বেগম, জ্যাংগা আকতার, জয়নাব বেগম, এস এম দেলোয়ার হোসেন, আমিনুল ইসলাম আমিন, কায়সার আহমদ, শিল্পী বড়-য়া, তসলিমা আকতার মনি। স্বাগত বক্তব্য রাখেন কাপাসগোলা বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রঞ্জনা সেন সহ অন্যান্যরা। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন।

চট্টগ্রাম-১২ মার্চ ২০১৭ খ্রি.

#### চট্টগ্রাম সিটি কর্পোরেশন ভোলানাথ মনোরমা উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী ও

## ১০ বছর পূর্তি অনুষ্ঠানে সিটি মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, মহান মার্চ মাসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন। স্বাধীনতা যুদ্ধ ও দেশ গঠনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর অবদান অবিস্মরণীয়। তিনি বলেন, ছাত্র সমাজ দেশ গঠনের মূল চালিকা শক্তি। ছাত্ররাই সুশিক্ষায় শিক্ষিত হয়ে আগামী দিনে দেশ ও জাতির নেতৃত্ব দেবে। মেয়র বলেন, শিক্ষকতা একটি মহৎ পেশা। এ পেশার মর্যাদা অন্য পেশার চেয়ে অনেক বেশী সম্মানীয়। শিক্ষার্থীরা আমাদের সম্পদ। ছাত্র-ছাত্রীদের সুনামগরিক হিসেবে গড়ে তোলা শিক্ষকদের প্রধান দায়িত্ব। শিক্ষার্থীদের সং, চরিত্রবান, নীতি-নৈতিকতা ও মূল্যবোধের শিক্ষা দিতে হবে। প্রত্যেকটি ছাত্র-ছাত্রী লক্ষ্য নির্ধারণ করে লেখা পড়ার প্রতি মনোযোগী হতে হবে এবং মা-বাবাদের সম্মান করতে হবে। মেয়র এ শহরকে আধুনিক, পরিচ্ছন্ন ও বাসযোগ্য শহর হিসেবে গড়ে তোলার জন্য ছাত্র-ছাত্রী এবং শিক্ষকদের অগ্রনী ভূমিকা পালন করার আহবান জানান। মেয়র আরো বলেন, মাদকের ভয়াল থাবায় বিপন্ন তরুন সমাজ। তরুন সমাজ যেভাবে মাদকাসক্ত হয়ে পড়েছে জনমনে দেখা দিয়েছে উদ্ভিন্ন ও শংকা। এক শ্রেণীর বেকার তরুনেরা এ সর্বনাশা পথে পা বাড়িয়েছে। নগরীকে মাদকমুক্ত রাখার জন্য অভিভাবক ও যুবসমাজকে এগিয়ে আসতে হবে। মাদককে না বলুন, মাদকমুক্ত সমাজকে হ্যাঁ বলুন। এ শ্লোগান মানুষের দ্বারে দ্বারে পৌঁছে দিতে হবে। গত ১১ মার্চ ২০১৭ খ্রি. শনিবার দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ভোলানাথ মনোরমা উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ২ নং জালালাবাদ ওয়ার্ড কাউন্সিলর সাহেদ ইকবাল বাবু। এতে বক্তব্য রাখেন চসিক শিক্ষা ও স্বাস্থ্য স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ও কাউন্সিলর নাজমুল হক ডিউক, সিটি কর্পোরেশন ভোলানাথ মনোরমা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. নজরুল ইসলাম, ২নং জালালাবাদ ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মো. ইয়াকুব, আওয়ামীলীগ নেতা কাজী আবদুল মালেক, কাজী হুমায়ুন আলম মুন্না, এনামুল হক, অত্র বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র প্রবীর দেওয়ানজী, আকাশ মুহুরী সহ অন্যান্য। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা